

# জাবিপ্রবিতে রাজনীতি বন্ধের দাবিতে বিক্ষোভ

মেলান্দহ (জামালপুর) প্রতিনিধি

২৫ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০০ এএম



মেলান্দহে অবস্থিত জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (জাবিপ্রবি) ছাত্ররাজনীতি মুক্ত একদফা দাবিতে বিক্ষোভ মিছিল করেছে সাধারণ শিক্ষার্থীরা। এ সময় ক্যাম্পাসে সকল ধরনের রাজনীতি বন্ধের দাবি জানান তারা। গতকাল বিকাল ৩টার দিকে জাবিপ্রবি ক্যাম্পাসে এ বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

মিছিল শেষে প্রশাসনিক ভবনের সামনে সমাবেশ করেন তারা। এ সময় সাধারণ শিক্ষার্থীরা গণস্বাক্ষর কর্মসূচি পালন করে। এরপর উপাচার্যের সঙ্গে কথা বলে রাজনীতি বন্ধের একদফা দাবি জানান শিক্ষার্থীরা।

রাজনীতি নিষিদ্ধ জাবিপ্রবিতে ছাত্রদলের কমিটি দেওয়ায় ক্ষোভ জানিয়ে শিক্ষার্থীরা জানান, ইতোপূর্বে আমরা ছাত্রলীগের যে পৈশাচিক রূপ দেখেছি সেটা আর দেখতে চাই না। আমরা সাধারণ শিক্ষার্থী সব সময় ভুক্তভোগী। আমাদের দেশের যে অসুস্থ ও লেজুড়বৃত্তিক রাজনীতি তা শিক্ষার্থীদের জন্য ভালো কিছু বয়ে আনতে পারে না। হোক সেটা ছাত্রদল বা ছাত্রশিবির ও ছাত্রলীগ। আমাদের ক্যাম্পাসে রাজনীতি নিষিদ্ধ তাই ভিসি স্যারের কাছে অনুরোধ করব, উনি যেন সঠিক ব্যবস্থা গ্রহণ করেন।

এ সময় সমাজকর্ম বিভাগের শিক্ষার্থী ফাহিম হাসান বলেন, আমরা চাই রাজনীতিমুক্ত ক্যাম্পাস। বুয়েটে ছাত্রলীগের আমলেই ছাত্ররাজনীতি নিষিদ্ধ হয়েছিল। তাই শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে আমরা সব ধরনের রাজনীতি বন্ধের দাবি জানাই।

জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর (ভিসি) অধ্যাপক ড. মোহাম্মদ রোকনুজ্জামান বলেন, আমরা সকল শিক্ষকদের সঙ্গে মিটিং করে পরবর্তী সময়ে সিদ্ধান্ত নেব।

[সারা দেশ থেকে আরও পড়ুন](#)